**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল যাত্রী অভিজ্ঞতা উন্নত করার জন্য লং আইল্যান্ড রেলরোড সেবার পরিবর্তনের ঘোষণা করলেন

***ব্রুকলিনে ট্রেন যোগ করা এবং পেন স্টেশনে ট্রেন দীর্ঘ করা, গত সপ্তাহে ধারণক্ষমতা অতিক্রম করা সকল ট্রেনে বগি যোগ করা 6 মার্চ সোমবার থেকে শুরু হবে***

***অপেক্ষার সময় হ্রাস করতে জ্যামাইকা-ব্রুকলিনে সেবা বৃদ্ধি এবং যোগাযোগ ও স্থানান্তর উন্নত করতে জ্যামাইকাতে গ্রাহক সেবার উপস্থিতি সম্প্রসারিত হবে***

***যাত্রী প্যাটার্নের নিবেদিত পর্যবেক্ষণ এবং চাহিদা অনুযায়ী সময়সূচির সামঞ্জস্য অব্যাহত রাখার নির্দেশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষকে (Metropolitan Transportation Authority, MTA) লং আইল্যান্ড রেলরোডে (Long Island Rail Road, LIRR) গ্রাহকদের যাতায়াত উন্নত করার জন্য ট্রেন সেবা পরিবর্তন করার নির্দেশ দিলেন, যা আগামীকাল, 6 মার্চ, সোমবার থেকে কার্যকর হবে। গভর্নরের নির্দেশ অনুযায়ী, LIRR ব্রুকলিনে ব্যস্ত সময়ের সেবা বৃদ্ধি করবে, পেন স্টেশনের ট্রেনগুলিকে দীর্ঘ করবে, গত সপ্তাহে ধারণক্ষমতা অতিক্রম করা সকল ট্রেনে বগি যোগ করবে, এবং যাত্রী যোগাযোগ উন্নত করতে ও ব্যস্ততার সময় স্থানান্তর এড়াতে জ্যামাইকাতে গ্রাহক সেবার উপস্থিতি বৃদ্ধি করবে।

"গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনের (Grand Central Madison) ঐতিহাসিক উদ্বোধন 100 বছরের মধ্যে LIRR এর প্রথম সম্প্রসারণ, এবং নতুন টার্মিনালের সাফল্য নিশ্চিত করতে আমাদেরকে অবশ্যই আমাদের যাত্রীদের চাহিদার প্রতি সাড়াদান করতে পারতে হবে," **গভর্নর হোকল বলেন।** "একই বিশ্বমানের যাত্রা অভিজ্ঞতা গ্রাহকদের প্রাপ্য, এবং এইসব পরিবর্তন দিয়ে আমরা সেটি অর্জন করার জোর প্রচেষ্টা চালাচ্ছি। নিউ ইয়র্কবাসীদেরকে উচ্চমানের সেবা, যোগাযোগ, ও ধারাবাহিকতা প্রদান করার জন্য আমরা শোনা, পর্যবেক্ষণ করা, এবং পরিবর্তন করা অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।"

সোমবার একটি অতিরিক্ত ট্রেনসেট যোগ করে এবং মঙ্গলবার দ্বিতীয় একটি অতিরিক্ত ট্রেনসেট যোগ করে LIRR ব্রুকলিনে ব্যস্ততার সময়ের সেবা বৃদ্ধি করছে, সোমবারের ব্যস্ততম সময়ে

জ্যামাইকা-ব্রুকলিন শাটলে দুই ট্রেনের মধ্যকার অপেক্ষার সময় গড়ে ৪-9 মিনিট হ্রাস করছে, যা মঙ্গলবার থেকে আরো কম হবে।

পাশাপাশি, LIRR পেন স্টেশনে সেবাদান করা 17টি ট্রেন দীর্ঘ করছে, ধারণক্ষমতা অতিক্রম করা সকল ট্রেনে বগি সংযোজন করছে। গত সপ্তাহে ইতিমধ্যে দীর্ঘতর হওয়া চারটি ট্রেন, অভীষ্ট বৃদ্ধির ফলস্বরূপ বাড়তি 11টি ব্যস্ততম ট্রেন নিয়ে নিচে তালিকাবদ্ধ মোট 32টি ট্রেনে 6 মার্চ, সোমবার থেকে অতিরিক্ত বগি সংযোজিত হবে। এর মধ্যে ধারণক্ষমতা অতিক্রম করার পাশাপাশি ধারণক্ষমতার কাছাকাছি চলে যাওয়া ট্রেনও থাকবে। নতুন জ্যামাইকা - আটলান্টিক টার্মিনালের বিকল্পসমূহ দেখার জন্য ব্রুকলিনের গ্রাহকদের ট্রেনঅ্যাপ দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

এছাড়াও গভর্নর স্থানান্তরের ব্যাপারে বাস্তব সময়ের যোগাযোগের মাধ্যমে যাত্রীদের সহায়তা করার জন্য জ্যামাইকাকেন্দ্রিক গ্রাহক সেবা উপস্থিতি সম্প্রসারণের নির্দেশ দিয়েছেন, যার মধ্যে রয়েছে একজন প্ল্যাটফর্ম নিয়ন্ত্রক স্থাপন করা যে গ্রাহকেরা যাতে পরবর্তী প্রস্তানরত ট্রেন মিস না করে সেই সুযোগ হ্রাস করার জন্য আটলান্টিক টার্মিনালের উদ্দেশ্যে যাত্রা করা ট্রেন কখন ছাড়বে তার নির্দেশ দিবে। বিদ্যমান LIRR গ্রাহক সেবা সমর্থনের পাশাপাশি, এই রূপান্তরের সময় গ্রাহকদের সহায়তা করার জন্য জ্যামাইকাতে 30 জন অতিরিক্ত কর্মী এবং গ্র্যান্ড সেন্ট্রালে 10 জন নিয়োগ করা হয়েছে। ট্রেনটাইম অ্যাপ, সোশ্যাল মিডিয়া, MTA ওয়েবসাইট, MTA ডিজিটাল স্ক্রিন নেটওয়ার্ক, ঘোষণা ও ইমেইল ও টেক্সট বার্তার মাধ্যমে প্রেরিত গ্রাহক সতর্কতার মাধ্যমে MTA প্ল্যাটফর্মব্যাপী পরিবর্তিত সময়সূচির ব্যাপারে LIRR গ্রাহকদের অবগত করতে থাকবে।

এই পরিবর্তনগুলির উদ্দেশ্য হলো ব্যস্ততার সময় ব্রুকলিন ট্রেনসমূহকে সেবাদান করা জ্যামাইকার প্ল্যাটফর্মে যাতে দরজা খোলা অবস্থায় একটি ট্রেন অপেক্ষারত থাকে এবং বিপরীত ট্র্যাকে দ্বিতীয় একটি ট্রেন না আসা পর্যন্ত তা যাতে প্রস্থান না করে তা নিশ্চিত করা। বিকাল/সন্ধ্যার ব্যস্ততার সময়, আটলান্টিক টার্মিনালে একই ধরনের একটি ব্যবস্থা গ্রহণ করা হবে।

যাত্রী পরিস্থিতি ও পরিচালনা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে LIRR একটি জ্যামাইকা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কেন্দ্র (Jamaica Central Control Center, JCC) পরিচালনা করে। যাত্রী উঠার এই বাস্তব সময়ের পর্যবেক্ষণ ব্যবহার করে ভবিষ্যতে কী উন্নয়ন কাজে লাগতে পারে তার মূল্যায়ন ও যাচাইকরণ করা যায়। গভর্নরের নির্দেশে, MTA সার্বিক যাত্রী প্যাটার্ন পর্যবেক্ষণ করতে থাকবে এবং সকল যাত্রী প্রয়োজনের জন্য ধারণক্ষমতা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সময়সূচির সামঞ্জস্য করতে থাকবে।

"গত সপ্তাহের শেষের দিকে শুরু হওয়া এবং সোমবার থেকে কার্যকর হওয়ার কথা রয়েছে এমন পরিবর্তনগুলি অপেক্ষার সময় হ্রাস কর এবং যেখানে ভিড় হয় সেখানে ভিড় কমানোর জন্য ডেটাভিত্তিক সমঞ্জস্য," **লং আইল্যান্ড রেলরোডের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও মেট্রো-নর্থের প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন।** "আমরা বলেছিলাম যে কোথায় যাত্রীরা তাদের ও আমাদের প্রত্যাশিত সেবা পাচ্ছে না তা যাচাই করার জন্য আমরা প্রতিটি ট্রেন এবং লাইনে নজর রাখছি। আগাযাত্রীরা যেইসব উদ্বেগের কথা বলেছে তা সমাধানে অতিরিক্ত পরিবর্তন ও উন্নয়ন

করার জন্য আমরা LIRR এর সাথে কাজ করে যেতে উন্মুখ। দিনে আরো ভালো অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য এবং একইসাথে LIRR এর পূর্বে যেকোনও সময়ের যে সেবাদান করেছে তার থেকে বেশি নিউ ইয়র্ক সিটি টার্মিনালে আরো বেশি সার্বিক সেবাদানের জন্য এই পরিবর্তনগুলি অগ্রগামী ধাপ। আমরা যাত্রীদের প্রবণতা এবং যাত্রী উঠার পরিস্থিতি পর্যবেক্ষণ করতে থাকবো ও প্রয়োজনমতো সামঞ্জস্য করবো।"

"LIRR যে যাত্রী অভিযোগকে গুরুত্ব দিচ্ছে এবং নতুন সেবা পরিকল্পনার ক্রমবর্ধমান সমস্যা সহজ করতে পরিবর্তন করা শুরু করেছে তা দেখে আমরা খুশি," **LIRR যাত্রী পরিষদের প্রধান জেরার্ড ব্রিংম্যান বলেন।** "দীর্ঘতর ট্রেন সব থেকে ভিড়ের সময় অতিরিক্ত ভিড় হ্রাস করতে সাহায্য করা শুরু করবে, এবং ব্রুকলিনের ট্রেনগুলির মধ্যকার সময় হ্রাস করার ফলে যাত্রীরা কম সময় অপেক্ষা করে, এবং আমরা যেই দৌড়াদৌড়ি দেখছি তা ছাড়াই তাদের যেখানে প্রয়োজন সেখানে যেতে পারবে। যাত্রীরা যেইসব উদ্বেগের কথা বলেছে তা সমাধানে অতিরিক্ত পরিবর্তন ও উন্নয়ন করার জন্য আমরা LIRR এর সাথে কাজ করে যেতে উন্মুখ।"

**LIRR ট্রেন দীর্ঘ করবে**

গত সপ্তাহে, LIRR ভিড়ের সমাধান করার জন্য চারটি ট্রেনকে দীর্ঘ করেছে। সোমবার থেকে শুরু করে, LIRR পেন স্টেশনে সকালের ব্যস্ততার সময়ে সাতটি ট্রেন দীর্ঘ করবে এবং বিকালের ব্যস্ততার সময় নয়টি ট্রেন দীর্ঘ করবে। গত সপ্তাহে সংগৃহীত ডেটা অনুযায়ী ধারণক্ষমতায় পৌঁছে যাওয়া বা অতিক্রম করা সকল ট্রেন এই সমাধান পাবে। সংযোজিত বগিসহ ট্রেনের তালিকা নিচে দেখুন।

পরবর্তীতে, যখন এই ট্রেনগুলি তাদের লং আইল্যান্ড গন্তব্য বা পেন স্টেশন থেকে বিপরীত দিকে যাত্রা করবে, তখন অতিরিক্ত এগারোটি ট্রেনে সংযোজিত বগি থাকবে, যা গ্রাহকদের জন্য লাভজনক হবে এবং একইসাথে পূর্বে বর্ণিত অভীষ্ট বৃদ্ধি নিয়ে আসবে।

রেলরোড জনগণের উদ্বেগ সমাধান করে তার সাথে যত দ্রুত সম্ভব মানিয়ে নিতে চেষ্টা করছে, যার মধ্যে রয়েছে এই ট্রেন দীর্ঘ করার কাজ। এখন পর্যন্ত, LIRR এর ব্যস্ততম সময়ে এক দিনে 16টি ট্রেনের ধারণক্ষমতা অতিক্রম করার তুলনায় 3 মার্চ শুক্রবার পর্যন্ত মোট 289টি ব্যস্ততম সময়ের ট্রেনের মধ্যে মাত্র একটির ধারণক্ষমতা অতিক্রম করেছে।

**ব্রুকলিন সেবা**

সোমবার থেকে ব্রুকলিন সেবা বৃদ্ধি করা হবে, সেই সাথে জ্যামাইকা ও আটলান্টিক টার্মিনালের মধ্যে একটি অতিরিক্ত ট্রেনসেট পরিচালিত হবে এবং মঙ্গলবার থেকে দ্বিতীয় একটি ট্রেনসেট শুরু করা হবে।

বাড়তি ট্রেনগুলি ব্যস্ততার উভয় সময়ে ব্রুকলিনের গ্রাহকদের জন্য কার্যকরভাবে অপেক্ষার সময় সোমবার গড়ে ৪-9 মিনিট হ্রাস করবে, এবং মঙ্গলবার তা আরো কম হবে, অর্থাৎ যখনই গ্রাহকেরা জ্যামাইকার প্ল্যাটফর্মে আসবে, তাদের জন্য একটি ট্রেন প্রস্তুত রাখা সম্ভব হবে।

পাশাপাশি, ব্রুকলিনে স্থানান্তর সরলতর করার জন্য, ট্র্যাক 11 ও 12 এর সেবাদান করা প্ল্যাটফর্মে, যেখান থেকে ব্রুকলিনের ট্রেনগুলি ছেড়ে যায়, সেখানে গ্রাহকদের সহায়তা করার জন্য LIRR প্ল্যাটফর্ম নিয়ন্ত্রক নিয়োগ করে রাখবে। ট্রেনের প্রস্থানের সময় প্ল্যাটফর্ম নিয়ন্ত্রকরা নির্ণয় করে। পরিস্থিতি পক্ষে থাকলে, সকালের ব্যস্ততার সময় দ্বিতীয় একটি ট্রেন বিপরীত ট্র্যাকে পৌঁছানোর আগ পর্যন্ত কোনও ব্রুকলিন ট্রেন প্ল্যাটফর্ম ছেড়ে যাবে না এবং অন্য প্ল্যাটফর্মে যেতে হবে এবং সংযোগ যাত্রীদের জন্য ট্রেনগুলির দুই মিনিট অপেক্ষা করার কথা রয়েছে।

**সপ্তাহান্তের সেবা**

3 মার্চ, শনিবার, নতুন সময়সূচির অধীনে প্রথম সপ্তাহান্তের দিনে, পূর্বের সময়সূচির তুলনায় 28 শতাংশ বেশি, অর্থাৎ 697টি ট্রেন পরিচালনা করার সময়ে, LIRR এর জন্য সিস্টেমব্যাপী 97.85 শতাংশ যথাসময়ের ধারাবাহিক পারফর্ম্যান্স দেখা গেছে। 25 ফেব্রুয়ারি, শনিবার, পূর্বের সময়সূচির শেষ শনিবারে 544টি ট্রেন চলাচল করেছে এবং 97.98 শতাংশ যথাসময়ের পারফর্ম্যান্স দেখা গেছে।

**গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন সেবা**

ব্যস্ততম সময় চলাকালে, গত সপ্তাহে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন থেকে 114,153 জন যাত্রী যাওয়া আসা করেছে, পেন স্টেশন ব্যবহার করে যাত্রার তুলনায় ইস্ট সাইডের গন্তব্যে পৌঁছাতে মোট 38,051 ঘণ্টা যাত্রাকালীন সময় সাশ্রয় করেছে।

**গত সপ্তাহে যেসকল সকালের ব্যস্ততম ট্রেনকে দীর্ঘ করা হয়েছে**

- ফার রকওয়ে থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 6:26 এর ট্রেন
- জ্যামাইকা থেকে আটলান্টিক টার্মিনাল পর্যন্ত সকাল 7:07 এর ট্রেন
- ব্যাবিলন থেকে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পর্যন্ত সকাল 7:15 এর ট্রেন
- রনকনকোমা থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 7:28 এর ট্রেন

**6 মার্চ, 2023, সোমবার থেকে কার্যকর হওয়া সংযোজিত বগিসহ ব্যস্ততম ট্রেন**

- পোর্ট ওয়াশিংটন থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 5:29 এর ট্রেন
- রনকনকোমা থেকে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পর্যন্ত সকাল 5:42 এর ট্রেন
- লং বীচ থেকে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পর্যন্ত সকাল 5:49 এর ট্রেন
- হান্টিংটন থেকে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন পর্যন্ত সকাল 5:54 এর ট্রেন
- ওয়ানটাগ থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 6:15 এর ট্রেন
- ব্যাবিলন থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 6:31 এর ট্রেন
- ওয়ানটাগ থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 6:54 এর ট্রেন
- ফার্মিংডেল থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 7:19 এর ট্রেন
- রনকনকোমা থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 7:28 এর ট্রেন
- ব্যাবিলন থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 7:31 এর ট্রেন
- পোর্ট ওয়াশিংটন থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 7:54 এর ট্রেন
- লিটল নেক থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 8:20 এর ট্রেন
- রনকনকোমা থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 8:25 এর ট্রেন
- ব্যাবিলন থেকে পেন স্টেশন পর্যন্ত সকাল 8:31 এর ট্রেন

- পেন স্টেশন থেকে ব্যাবিলন পর্যন্ত বিকাল 3:23 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ব্যাবিলন পর্যন্ত বিকাল 3:38 এর ট্রেন
- পেন স্টেশন থেকে লং বীচ পর্যন্ত বিকাল 3:48 এর ট্রেন
- পেন স্টেশন থেকে রনকনকোমা পর্যন্ত বিকাল 4:01 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ব্যাবিলন পর্যন্ত বিকাল 4:10 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ওয়ানটাগ পর্যন্ত বিকাল 4:37 এর ট্রেন
- পেন স্টেশন থেকে পোর্ট ওয়াশিংটন পর্যন্ত বিকাল 5:07 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ব্যাবিলন পর্যন্ত বিকাল 5:16 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ওয়ানটাগ পর্যন্ত বিকাল 5:19 এর ট্রেন
- পেন স্টেশন থেকে পোর্ট ওয়াশিংটন পর্যন্ত বিকাল 5:52 এর ট্রেন
- গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন থেকে হেম্পস্টিড পর্যন্ত সন্ধ্যা 6:03 এর ট্রেন
- পেন স্টেশন থেকে ব্যাবিলন পর্যন্ত সন্ধ্যা 6:57 এর ট্রেন
- গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন থেকে হান্টিংটন পর্যন্ত সন্ধ্যা 7:04 এর ট্রেন
- পেন স্টেশন থেকে পোর্ট ওয়াশিংটন পর্যন্ত সন্ধ্যা 7:35 এর ট্রেন

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন